

দেশসেরা ১২ মেধাবী
নির্বাচিত, ৯ জনই
ঢাকার বাইরের

নিজস্ব প্রতিবেদক >

'সুজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৫'-এর দেশসেরা ১২ মেধাবী নির্বাচিত করেছে শিক্ষা মন্ত্রণালয়। গত শনিবার এ প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব শেষে বিজয়ীদের তালিকা প্রকাশ করেছে মন্ত্রণালয়। এবার দেশসেরা ১২ মেধাবীর ৯ জনই ঢাকার বাইরের। নির্বাচিত ১২ জন বছরের সেরা মেধাবীর সনদসহ এক লাখ টাকা করে পুরস্কার পাবে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা শিগগির এই মেধাবীদের হাতে পুরস্কার তুলে দেবেন বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে। 'ভাষা ও সাহিত্য' বিষয়ে ষষ্ঠ-অষ্টম শ্রেণি গ্রুপে বিজয়ী হয়েছে মৌলভীবাজারের দা ফাওয়ার্স কেজি

পৃষ্ঠা ৮ ক. ৩

দেশসেরা ১২

শেষ পৃষ্ঠার পর

আ্যাড হাই স্কুলের ইবনুল মুহতাদি শাহ, নবম-দশম গ্রুপে দিনাজপুর জিলা স্কুলের শাকিল রেজা ইফতি ও একাদশ-দ্বাদশ গ্রুপে রাজশাহী সরকারি কলেজের আনিকা বুশরা। 'দৈনন্দিন বিজ্ঞান বা বিজ্ঞান' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে সিলেট সরকারি পাইলট উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী ইসতিয়াক মাহমুদ সিয়াম, নবম-দশম গ্রুপে খুলনা জিলা স্কুলের সাদমান নাসিফ ও একাদশ-দ্বাদশ গ্রুপে সুনামগঞ্জ সরকারি কলেজের জয়ন্ত পাল। 'গণিত ও কম্পিউটার' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুলের রুবাইয়াত জালাল, নবম-দশম গ্রুপে ঢাকার সেন্ট যোসেফ উচ্চ বিদ্যালয়ের তানযীম আজওয়াদ জামান ও একাদশ-দ্বাদশ গ্রুপে যশোরের নওয়াপাড়া কলেজের শাকিল আহমেদ। 'বাংলাদেশ ষ্টাডিজ ও মুক্তিযুদ্ধ' বিষয়ে ষষ্ঠ-অষ্টম গ্রুপে বিজয়ী হয়েছে হবিগঞ্জের বিকেজিসি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের শেখ খাতুন জাম্মাত শামীমা, নবম-দশম গ্রুপে ঢাকার ডিকারুননিসা নূন স্কুল আ্যাড কলেজের ইশামাম তাসনিম ও একাদশ-দ্বাদশ গ্রুপে ঢাকার ইলিক্রিস কলেজের রাইদা করিম। গত ১ মার্চ জাতীয় পর্যায়ে সুজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০১৫ শুরু হয়। এরপর পর্যায়ক্রমে উপজেলা, জেলা, বিভাগের পর গত শনিবার জাতীয় পর্যায়ে প্রতিযোগিতার মাধ্যমে তা শেষ হয়।